গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.৩৭১ তারিখ: ২২ শ্রাবণ ১৪২৫
০৬ আগস্ট ২০১৮

বিষয়: **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি নির্ধারণের লক্ষে অনুষ্ঠিত ফলো-আপ সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি নির্ধারণের জন্য গত ১৫ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার ফলো-আপ সভা অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সভাপতিত্বে ০২ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

৬-৮-২০১৮
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৮৫৫১
ইমেইল: as.admin2@moedu.gov.bd

....

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.৩৭১/১(১৩) তারিখ: ২২ শ্রাবণ ১৪২৫
০৬ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৪) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড/বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)/জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম)/আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৬) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা
৭) যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন অনুবিভাগ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৯) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা
১০) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

১১) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১২) সিনিয়র সিস্ট্রেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩) অফিস কপি ।

৬-৮-২০১৮
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৪৩তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি নির্ধারণের লক্ষে অনুষ্ঠিত ফলো- আপ সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. অরুণা বিশ্বাস
অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ০২ আগস্ট, ২০১৮
সময় : সকাল ১০.৩০ মিনিট
সভার স্থান: সম্মেলন কক্ষ (কক্ষ নং- ১৮১৫)।
উপস্থিতি : তালিকা সংযুক্ত

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা আরম্ভ করেন। সভার শুরুতেই তিনি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। একই সাথে তিনি ১৫ আগস্ট অন্যান্য সকল শহীদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি বলেন অন্যান্য বছরের ন্যায় এবারও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৪৩তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। সভাপতি বলেন যে, আগস্ট মাস শোকের মাস। আগামী ১৫ আগস্ট জাতির পিতার ৪৩তম শাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালন করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সভায় মহাপরিচালক, মাউশি এবং মহাপরিচালক,ব্যানবেইস বা তাদের প্রতিনিধি উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গত ১৫ জুলাই, ২০১৮ তারিখ অনুষ্ঠিত সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনার বিষয়ে নিম্নরুপ আলোচনা করা হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | ১৫ আগস্ট, ২০১৮ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩তম শাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে; | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, বেসরকারি মাধ্যমিক, সরকারি মাধ্যমিক, কলেজ),সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধান, সকল শিক্ষা বোর্ড এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। | সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থাসমূহের পক্ষ থেকে ১৫ আগস্ট, ২০১৮ তারিখ সকাল ১০.০০ মিনিটে ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সূচারুরূপে সম্পন্ন করার জন্য এ বিভাগ থেকে মূল ব্যানার এবং মা.উ.শি. অধিদপ্তর থেকে পুষ্পস্তবক ও কালো ব্যাজ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া, মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর-সংস্থা মন্ত্রণালয়ের সাথে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় পুষ্পস্তবক, ব্যানার এবং কালো ব্যাজসহ উপস্থিত থেকে পুষ্পস্তবক অর্পণ করবে। সম্মিলিতভাবে এ কার্যক্রমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে উক্ত তারিখ সকাল ০৯.৩০ মিনিটের পূর্বে কলাবাগানস্থ লাজ ফার্মার বিপরীতে একত্রিত হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সার্বিক তত্ত্বাবধান করবেন; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল অধিদপ্তর-দপ্তর ও সংস্থা প্রধান। | সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। |
| ২.৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবস পালনের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মা.উ.শি. অধিদপ্তর ১৬ আগস্ট সকাল ১০.৩০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির উপর আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে। উক্ত আলোচনা সভায় আ.মা.ই. দু'জন কবিকে জাতির পিতা বঙ্গবন্ধুকে নিয়ে লেখা কবিতা আবৃত্তি করার জন্য আমন্ত্রণ জানাবে; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। | আলোচনা সভা ও দোয়া মাহফিলের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট দু'জন কবির সম্মতি নিয়ে তাদেরকে উক্ত সভায় আমন্ত্রণ জানাবেন। |

| | | | |
|---|---|---|---|
| | জাতীয় শোক দিবস উপলক্ষে তথ্য মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত পোস্টার স্থানীয়ভাবে সংগ্রহ করে সারা দেশের স্কুল, কলেজে স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য মা.উ.শি. অধিদপ্তর প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; | মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর। সকল শিক্ষা প্রতিষ্ঠান। | নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নিজস্ব ব্যবস্থাপনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির উপর সুবিধাজনক সময়ে স্মারক বক্তৃতার আয়োজন করবে। এ জন্য ইউ.জি.সি. কর্তৃপক্ষ প্রথিতযশা ব্যক্তিদের আলোচক হিসেবে আমন্ত্রণ জানানোর উদ্যোগ গ্রহণ করবে। | চেয়ারম্যান, ইউ, জি, সি। | ইউ. জি. সি. সকল প্রস্তুতি গ্রহণ করেছে। |
| ২.৪ | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল-কলেজে)আগামী ১৫ আগস্ট, ২০১৮ তারিখ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (জাতীয় ছুটির দিন থাকায়) কোনরূপ শ্রেণি কার্যক্রম পরিচালিত না হলেও শিক্ষকগণ কর্মস্থল ত্যাগের অনুমতি পাবেন না এবং এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগদান করবেন। এ ছাড়া, ঐ দিনের অনুষ্ঠানসমূহে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধানগণ তাদের অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেবেন; | অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক, বেসরকারি মাধ্যমিক, কলেজ), মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর, সকল শিক্ষা বোর্ড এবং সকল প্রতিষ্ঠান প্রধান। | ডিজি মাউশি উপস্থিত না থাকায় অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক, বেসরকারি মাধ্যমিক, কলেজ) জানালেন যে, এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | সকল পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্ব স্ব ব্যবস্থাপনায় তাদের প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ইউ.জি.সি. এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্মসূচি-কার্যক্রম গ্রহণ ও পালন করছে কিনা তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমুহের নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ মনিটরিং করবে; | অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক, বেসরকারি মাধ্যমিক, কলেজ), মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর। | প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.৫ | জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা-উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর-দপ্তর-সংস্থাসমূহ প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করবে; | অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক, বেসরকারি মাধ্যমিক, কলেজ), মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর। | প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.৬ | ক) জাতীয় কর্মসূচির আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ আগস্ট ২০১৮ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। উক্ত সভার পূর্বেই এ সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), | অদ্য উক্ত ফলো-আপ সভা অনুষ্ঠিত হলো। |
| | খ) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দুটি ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সংগ্রহ করা এবং কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন, বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক বেসরকারি-সরকারি, কলেজ),সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা প্রধান। | প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |

৩.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. অরুণা বিশ্বাস)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)